

PRINT

সমকালে

যবিপ্রবি উপাচার্যের বিরুদ্ধে মামলায় প্রভাব খাটানোর অভিযোগ

১১ ঘন্টা আগে

যশোর অফিস

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) উপাচার্য ড. আনোয়ার হোসেনের বিরুদ্ধে নিজের পদের প্রভাব খাটিয়ে বঙ্গবন্ধু পরিবারের মানহানির মামলাকে প্রভাবিত করার চেষ্টার অভিযোগ উঠেছে। মামলার বাদী ও যশোর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান আনোয়ার হোসেন বিপুল গতকাল রোববার এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন। একই সঙ্গে তাকে হয়রানির অভিযোগও করেন তিনি।

সংবাদ সম্মেলনে বিপুল অভিযোগ করেন, যবিপ্রবির ২০১৮ ও ২০১৯ সালের ডেক্ষ ক্যালেন্ডারে বঙ্গবন্ধু ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি আপন্তিকরভাবে উপস্থাপন করা হয়েছে। এ নিয়ে গত ১৪ জানুয়ারি তিনি যশোর আদালতে বঙ্গবন্ধু পরিবারের মানহানির অভিযোগে মামলা করেন। একই দিন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ইকবাল কবির জাহিদ ও সাধারণ সম্পাদক নাজমুল হাসানের নামেও আলাদা মানহানি মামলা করেন তিনি। তাদের বিরুদ্ধে বিপুলের নামে মিথ্যা তথ্য প্রচারের অভিযোগ আনা হয়েছে। তবে মামলা দুটির কোনো অগ্রগতি হয়নি। বরং তা ভিন্ন খাতে নেওয়ার চক্রবন্ধন চলছে। এ জন্য ক্যাম্পাসে উত্তেজনাকর পরিস্থিতি সৃষ্টি করা হচ্ছে। যৌক্তিক দাবিতে আন্দোলন করায় গত ২০ এপ্রিল তিনজনকে আজীবনসহ ছাত্রলীগের আট নেতাকে বিশ্ববিদ্যালয় থেকে বহিক্ষার করা হয়। আর মামলা করায় তাকে নানাভাবে হয়রানি করা হচ্ছে। এমনকি তার বিরুদ্ধে কোতোয়ালি থানায় জিডিও করা হয়েছে।

এদিকে সংবাদ সম্মেলনের পর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও কর্মচারী সমিতির পক্ষ থেকে একটি বিরুদ্ধি দেওয়া হয়। এতে বলা হয়, যবিপ্রবি রক্ষায় শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীদের ঐক্যবন্ধ অবস্থান রয়েছে। এ জন্য তেতরে কিছু করতে না পেরে আনোয়ার হোসেন বিপুলের নেতৃত্বে শহরের বিভিন্ন মেসে শিক্ষার্থীদের হৃষকি, চড়-থাঙ্গড় ও গালাগাল করা এবং শিক্ষার্থীদের ক্লাস পরীক্ষায় অংশগ্রহণে বাধা দেওয়া হচ্ছে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল:
ad.samakalonline@outlook.com